

ভূমিকা

বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের বিশাল জনগোষ্ঠীর প্রোটিনের চাহিদা পূরণ, দারিদ্র বিমোচন, কর্মসংস্থান, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে পোল্ট্রি শিল্পের ভূমিকা অপরিহার্য। পোল্ট্রি শিল্পের প্রধান ধাপ হচ্ছে ব্রয়লার। এটি অত্যন্ত সহজলভ্য এবং অন্যান্য মাংসের তুলনায় এর দামও কম। অধিক ব্রয়লার উৎপাদনের মাধ্যমে অতি সহজে ও সাশ্রয়ে প্রোটিনের চাহিদা পূরণ করা সম্ভব।

আধুনিক পোল্ট্রি শিল্পে সুখম ফিডের কোন বিকল্প নেই। ব্রয়লার মুরগীর কাঙ্ক্ষিত দৈহিক বৃদ্ধি সম্পূর্ণরূপে নির্ভর করে সুখম খাদ্যের উপর। সুখম পোল্ট্রি ফিড তৈরির জন্য শুধুমাত্র উৎকৃষ্ট মানের কাঁচামাল, ফিড এ্যাডিটিভসই যথেষ্ট নয়। ব্রয়লার ফিডের মান নির্ভর করে সঠিক মাত্রার উৎকৃষ্ট কাঁচামালের সঠিক ফরমুলেশন, কম্পিউটারাইজড রেশন প্রোগ্রামিং, এনার্জি প্রোটিনের সঠিক ভারসাম্য, ক্যালসিয়াম ও ফসফরাসের সঠিক অনুপাত এবং লাইসিন, মিথিওনিন, সিসটিন ও ট্রিপটোফেন জাতীয় এমাইনো এসিডের সঠিক মাত্রা ও তাদের সঠিক আনুপাতিক মিশ্রণ।

প্রতিটি বিষয় মাথায় রেখে **RK** ফিড এন্ড পোল্ট্রি লি. উন্নত প্রযুক্তিতে তৈরী করেছে উন্নতমানের ব্রয়লার ফিড। আমাদের রয়েছে ২৫ টন/ ঘন্টা উৎপাদন ক্ষমতার অত্যাধুনিক মেশিন। অভিজ্ঞ পুষ্টিবিদদের সার্বিক তত্ত্বাবধানে উন্নত কাঁচামালের সঠিক আনুপাতিক মিশ্রণে তৈরি হয় উৎকৃষ্ট মানের ব্রয়লার ফিড। এই ফিড ব্যবহারে খামারিরা পাবেন উন্নত এফসিআর এর নিশ্চয়তা এবং খামারকে লাভজনক হিসেবে গড়ে তোলার আস্থা।

খামারীর জন্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ

অবশ্যই লিপিবদ্ধ রাখতে হবে

- ১ বাচ্চার ইতিহাস ও জাত
- ২ বাচ্চা গ্রহণের তারিখ ও সংখ্যা
- ৩ তাপমাত্রা ও আবহাওয়ার প্রকৃতি
- ৪ মৃত বা বাছাইকৃত মুরগী
- ৫ খাদ্য ও পানি গ্রহণ
- ৬ ভ্যাকসিন কর্মসূচী
- ৭ ঔষধের ব্যবহার
- ৮ দৈনিক ওজন



ব্রয়লার পালনের কিছু গুরুত্বপূর্ণ নির্দেশিকা

ক্রডিং

একদিনের বাচ্চাকে কৃত্রিম উপায়ে তাপ দিয়ে লালন- পালন করাকে ক্রডিং বলে। সাধারণত বাচ্চা মুরগীর জীবনের প্রথম দিকে প্রাকৃতিক পরিবেশে নিজেকে খাপ খাওয়ানোর মত অবস্থা থাকে না তাই কৃত্রিম ক্রডিং এর প্রয়োজন হয়। ক্রডিং খুবই গুরুত্বপূর্ণ সময় কারণ মুরগীর কাংখিত ওজন এবং মৃত্যুহার এই সময়ের ব্যবস্থাপনার উপর নির্ভর করে।



ক্রডিং সময় শীতকাল: ২-৩ সপ্তাহ গ্রীষ্মকাল: ১-২ সপ্তাহ

ক্রডার ঘরের তাপমাত্রা

বয়স	তাপমাত্রা
প্রথম সপ্তাহ	৯৫°ফা. ৩৫°সেল.
দ্বিতীয় সপ্তাহ	৯০° ফা. ৩২°সেল.
তৃতীয় সপ্তাহ	৮৫°ফা. ২৯°সেল.
চতুর্থ সপ্তাহ	৮০°ফা. ২৬°সেল.
পঞ্চম সপ্তাহ	৭৫°ফা. ২৪°সেল.

বাচ্চার আচরণ দেখে তাপমাত্রা নিয়ন্ত্রন

- তাপমাত্রা কম হলে বাচ্চাগুলি ক্রডারের নিচে গাদাগাদি হয়ে থাকবে এবং কিচিরমিচির করবে।
- তাপমাত্রা বেশি হলে বাচ্চাগুলি চিকগার্ডের গা ঘেঁষে জমা হয়ে থাকবে, মুখ হা করে নিশ্বাস নিবে এবং মাথা ও ডানা বুলে পড়বে।
- তাপমাত্রা সঠিক থাকলে বাচ্চাগুলি ছড়িয়ে ছিটিয়ে থাকবে, চঞ্চল মনে হবে, মৃদু শব্দ করবে এবং স্বাভাবিক ভাবে খাদ্য ও পানি গ্রহণ করবে।



ব্রয়লার মুরগীর জন্য জায়গার পরিমাণ

বয়স (দিন)	শীতকাল(বর্গফুট/বাচ্চা)	গ্রীষ্মকাল(বর্গফুট/বাচ্চা)
১-২	০.১৫-০.২০	০.২০-০.২৫
৩-৪	০.২৫-০.৩০	০.৩০-০.৩৫
৫-৬	০.৩৫-০.৪০	০.৪০-০.৪৫
৭-৮	০.৪৫-০.৫০	০.৫০-০.৫৫
৯-১০	০.৫৫-০.৬০	০.৬৫-০.৭০
১১-২২	০.৬৫-০.৭০	০.৮০-০.৯০
১৩-১৪	০.৭৫-০.৮০	১.০-১.১০
১৫- উর্ধ্ব	০.৯০-১.১	১.২-১.৩

গরমকালে তুললামূলক দ্রুত জায়গা বাড়ানো উচিত

শীতকালে ধীরে ধীরে (২-৩ দিন পর পর)

অল্পকরে জায়গা বাড়ানো উচিত।

বয়স অনুযায়ী খাবার পাত্র বিন্যাস

- ১ম দিন কাগজের উপর খাবার দিতে হবে
- ২য় দিন কাগজ ও ট্রে ফিডার একসঙ্গে ব্যবহার করতে হবে
- ৩য় দিন কাগজ বের করে ফেলতে হবে, শুধু মাত্র ট্রে ফিডার ব্যবহার করা
- ৫ম দিন ২৫% ট্রে ফিডার বের করে ফেলতে হবে, ২৫% গোল ফিডার দেয়া
- ৮ম দিন ৫০% ট্রে ফিডার+৫০% গোল ফিডার দেয়া
- ১০ দিন সব ট্রে ফিডার বের করে, ১০০% গোল ফিডার ব্যবহার করতে হবে

গুণগতমান সম্পন্ন বাচ্চার বৈশিষ্ট্য

- বাচ্চার ওজন এবং আকৃতি সমমানের হবে।
- বাচ্চা অধিক ছোট হবে না, বাচ্চার গড় ওজন ৪০ গ্রাম হবে।
- বাচ্চা পরিষ্কার ভাবে প্রস্ফুটিত, শুষ্ক, তরতরে, ঝকঝকে দেখাবে।
- কিচির মিচির শব্দ করে চঞ্চল ও প্রাণোচ্ছল থাকবে। নড়াচড়াতে স্বাভাবিক সাচ্ছন্দ থাকবে।
- বাচ্চার তীক্ষ্ণ, উজ্জল এবং স্বচ্ছ চোখ থাকবে।



বাচ্চা আসার আগে করণীয়

- শেডের ভিতরে এবং বাইরে ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে ধুয়ে মুছে চুন ছিটিয়ে দিতে হবে।
- ক্রডিং এর জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি, খাদ্যপাত্র, পানিপাত্র, ক্রডার, চিকগার্ড ভালোভাবে ধুয়ে রোদে শুকিয়ে জীবানুমুক্ত করতে হবে।
- চিকগার্ডের মাঝখানে মেঝে থেকে ২ ফুট উপরে গ্যাস ক্রডার বা হোভার টানিয়ে দিতে হবে। ক্রডার এমন ভাবে ঝোলাতে হবে যেন প্রয়োজনে উঠানো বা নামানো যায়।
- ক্রডারে সব লাইট কাজ করছে কিনা তা ভালভাবে পরীক্ষা করে দেখতে হবে।
- চিকগার্ডের ভিতর তুষের উপরে খবরের কাগজ বিছিয়ে দিতে হবে এবং খবরের কাগজের উপর চিক ফিডার এবং চিক ড্রিংকার দিতে হবে।
- বাচ্চা তোলার ১২-১৮ ঘন্টা আগে গ্যাস ক্রডার বা হোভারের বাতি চালু করে ক্রডারের নিচের কাগজের পেপার গরম করে নিতে হবে।

বাচ্চা আসার পর করণীয়

- ফার্মে বাচ্চা আসার সাথে সাথে বাচ্চা গণনা করে ক্রডারের নিচে ছেড়ে দিতে হবে।
- ক্রডারে বাচ্চা ছেড়ে দেওয়ার পর যদি কোন বাচ্চা পানি না খায় তাহলে তাদের ধরে পানি খাওয়াতে হবে।
- বাচ্চার আচরণ পরীক্ষা করতে হবে এবং দুর্বল ও অসুস্থ বাচ্চা থাকলে তা আলাদা করে ক্রডিং করতে হবে।
- প্রথম ২-৩ ঘন্টা ফুটানো হালকা গরম পানি খাওয়ানোর পর চিনি বা গ্লুকোজ, ভিটামিন সি, ইলেকট্রোলাইট মিশ্রিত পানি দিতে হবে।
- বাচ্চা ক্রডারে ছেড়ে দেওয়ার ১ ঘন্টা পরে ব্রয়লার প্রি স্টার্টার ফিড দিতে হবে।
- কাগজ ভিজে গেলে সাথে সাথে পরিবর্তন করে নতুন কাগজ দিতে হবে।
- বাচ্চার অবস্থা দেখে এবং ডাক্তারের সাথে পরামর্শ করে এন্টিবায়োটিক দেওয়া যেতে পারে।
- একসাথে যেন সকল বাচ্চা পানি খেতে পারে সেজন্য পর্যাপ্ত পানির পাত্র দিতে হবে।
- পর্যাপ্ত পরিমাণ খাদ্য পাত্রে দিতে হবে যাতে সব বাচ্চা একসাথে খাবার খেতে পারে।
- মৃতবাচ্চা /বাচ্চা বহনকারী বস্ত্র পুড়িয়ে ফেলতে হবে।

বাণিজ্যিক ব্রয়লারের ভ্যাকসিনেশন কর্মসূচী

বয়স	টিকার নাম	প্রয়োগ পদ্ধতি
৩-৫ দিন	আইবি+এনডি	চোখে/খাওয়ার পানিতে মিশিয়ে/স্প্রে
১১-১২ দিন	আইবিডি	চোখে/খাওয়ার পানিতে মিশিয়ে
১৮-১৯ দিন	আইবিডি	চোখে/খাওয়ার পানিতে মিশিয়ে
২২-২৩ দিন	এনডি ল্যাসোটা	চোখে/খাওয়ার পানিতে

বাণিজ্যিক ব্রয়লার মুরগির উৎপাদন দক্ষতা জাত-রস

বয়স সপ্তাহ	মোট খাদ্য গ্রহণ	দৈনিক গড় ওজন	এফসিআর
১	১৬৬ গ্রাম	১৮৫ গ্রাম	০.৮৯
২	৫৩৮ গ্রাম	৪৭৩ গ্রাম	১.১৩
৩	১১৮২ গ্রাম	৯১৬ গ্রাম	১.২৯
৪	২১২২ গ্রাম	১৪৭৯ গ্রাম	১.৪৩
৫	৩৩৩১ গ্রাম	২১১৩ গ্রাম	১.৫৭

জাত-হার্বার্ড ক্লাসিক

বয়স সপ্তাহ	মোট খাদ্য গ্রহণ	দৈনিক গড় ওজন	এফসিআর
১	১৭০ গ্রাম	১৯০ গ্রাম	০.৯০
২	৫৫০ গ্রাম	৪৮০ গ্রাম	১.১৫
৩	১২২০ গ্রাম	৯৪০ গ্রাম	১.৩০
৪	২২০০ গ্রাম	১৫০০ গ্রাম	১.৪৭
৫	৩৪০০ গ্রাম	২১২০ গ্রাম	১.৬০

জাত-আরবর একরস প্লাস

বয়স সপ্তাহ	মোট খাদ্য গ্রহণ	দৈনিক গড় ওজন	এফসিআর
১	১৬৭ গ্রাম	১৮২ গ্রাম	০.৯২
২	৫৪১ গ্রাম	৪৬৭ গ্রাম	১.১৫
৩	১১৯১ গ্রাম	৯১০ গ্রাম	১.৩১
৪	২১৪০ গ্রাম	১৪৪৭ গ্রাম	১.৪৫
৫	৩৩৫৪ গ্রাম	২১০৪ গ্রাম	১.৫৯

জাত- লোহম্যান মিট

বয়স সপ্তাহ	মোট খাদ্য গ্রহণ	দৈনিক গড় ওজন	এফসিআর
১	১৬৫ গ্রাম	১৮৪ গ্রাম	০.৯০
২	৫৩৪ গ্রাম	৪৭০ গ্রাম	১.১৩
৩	১১৮০ গ্রাম	৯১২ গ্রাম	১.২৯
৪	২১২৮ গ্রাম	১৪৭৭ গ্রাম	১.৪৪
৫	৩৩৫১ গ্রাম	২১০৯ গ্রাম	১.৫৮

RK ফিডের পুষ্টিমান

খাবারের বিবরণ	দিন	আর্দ্রতা সর্বোচ্চ	ক্রড প্রোটিন সর্বনিম্ন	ফ্যাট সর্বনিম্ন	আশ সর্বোচ্চ	ক্যালসিয়াম সর্বনিম্ন	ফসফরাস সর্বনিম্ন	বিপাকীয় শক্তি সর্বনিম্ন
ব্রয়লার প্রি স্টার্টার	১-০৭ দিন	১২%	২৩%	৫%	৪%	০.৯০	০.৪৫%	২৮৫০-২৯০০ কিলোক্যালরি/কেজি
ব্রয়লার স্টার্টার	০৮-১৫ দিন	১২%	২২.৫%	৬%	৪%	০.৯০	০.৪৫%	২৯০০-৩০০০ কিলোক্যালরি/কেজি
ব্রয়লার গ্রোয়ার	১৬-২৫ দিন	১২%	২১.৫%	৬.৫%	৪%	০.৮২	০.৪২%	৩০০০-৩১০০ কিলোক্যালরি/কেজি
ব্রয়লার ফিনিশার	২৬-বিক্রয় পর্যন্ত	১২%	২০.৫%	৭%	৪%	০.৮০	০.৪০%	৩১০০-৩২০০ কিলোক্যালরি/কেজি



লিটার ব্যবস্থাপনা

কখনো লিটার ভিজে গেলে বা লিটারে পানি পড়লে সাথে সাথে লিটার পরিবর্তন করে দিতে হবে।

জমাট বাঁধা ও দুর্গন্ধযুক্ত লিটার ফেলে দিতে হবে।

লিটারে খাবার পড়লে তা ফেলে দিতে হবে।

লিটার বেশি শুকনো হলে লিটারের উপর জীবানুনাশক মিশ্রিত পানি দিয়ে স্প্রে করতে হবে।

ঘরে বায়ু চলাচল ঠিকমতো না থাকলে বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি হলে পানির পাত্রের সংখ্যা সঠিক ও বস্টন সঠিক না হলে রোগের কারণে মুরগি পাতলা পায়খানা করলে লবন ও আমিষের পরিমাণ সঠিক না থাকলে মুরগীর ঘনত্ব বেশি হলে

লিটার খারাপ হওয়ার কারণসমূহ

ঘরের এ্যামোনিয়া ও অন্যান্য বিষাক্ত গ্যাস বেরিয়ে যাওয়ার জন্য ঘরের উপরের দিকে ১-১.৫ ফুট ফাঁকা রেখে পর্দা দিয়ে ঘর ঢেকে দিতে হবে। গরমের সময় দিনে পর্দা উঠিয়ে এবং রাতে পর্দা নামিয়ে দিতে হবে। ক্রেডিং এর সময় ঘরের পরিবেশ বার বার পরীক্ষা করতে হবে এবং ঘরের এ্যামোনিয়া ও অন্যান্য বিষাক্ত গ্যাস বেরিয়ে যাওয়ার ব্যবস্থা করতে হবে।

ভেটিগেশন

লিটার

ক্রডারের ভেতরে বাচাগুলোকে আরামদায়ক ব্যবস্থা প্রদানের জন্য যে বিছানা ব্যবহার করা হয় তা-ই লিটার। লিটার হিসেবে ধানের তুষ ব্যবহৃত হয়। এছাড়া গম/ধানের খড় চূর্ণ ব্যবহার করা যায়।

লিটার ভালো রাখার পদক্ষেপ

মুরগীর ঘরে কমপক্ষে ২-৩ ইঞ্চি পুরু জীবানুমুক্ত লিটার ব্যবহার করতে হবে। লিটার বিছানোর পূর্বে ঘরের মেঝে ও লিটার ভালোভাবে শুকাতে হবে।



ভ্যাকসিনেশন বা টিকা প্রদান

টিকা ক্রয় করার সময় যাচাই বাছাই করা বা কোথায় প্রস্তুত করা হয়েছে দেখতে হবে। যে দোকানে রেফ্রিজারেটর নেই, সেই দোকান হতে টিকা ক্রয় না করাই উত্তম।

টিকা খুব ভোরে অথবা সন্ধ্যায় দিতে হবে।

টিকা ডাইলুশন করার ১ ঘন্টার মধ্যেই তা ব্যবহার করতে হবে।

প্রশিক্ষণপ্রাপ্ত লোক দিয়ে ভ্যাকসিন দিতে হবে।

টিকা ব্যবহারের পূর্ব পর্যন্ত তা বরফের মধ্যে সংরক্ষণ করতে হবে।

শুধু সুস্থ ব্রয়লারকে টিকা দেওয়া উচিত।

দুই ভ্যাকসিনের মধ্যে অন্তত ৫ দিন বিরতি দিতে হবে।

টিকার খালি শিশি, সিরিঞ্জ ইত্যাদি পুড়িয়ে ফেলতে হবে।

জৈব নিরাপত্তা



খামারের ভিতর ও চারপাশে যেন কোন জীবজন্তু এবং পাখি ঢুকতে বা চলাফেরা করতে না পারে।

খামারের দরজায় অবশ্যই জীবানুনাশক পাত্র থাকতে হবে এবং সবাই খামারে প্রবেশের আগে সেই পাত্রে পা ডুবিয়ে ঢুকতে হবে।

বাচ্চা, খাবার বা অন্যান্য কারণে ব্যবহৃত গাড়ি খামারে প্রবেশের পূর্বে ভালো করে জীবানুনাশক দিয়ে পরিষ্কার করতে হবে।


বাইরে থেকে খালি খাঁচা ফর্মে ঢুকানো যাবে না।

ভ্যাকসিন দেয়ার পর খালি বোতল মাটিতে পুঁতে ফেলতে হবে।

মৃত মুরগী মাটিতে পুঁতে ফেলতে হবে বা পুড়িয়ে ফেলতে হবে।

অল ইন-অল আউট পদ্ধতি অবশ্যই মেনে চলা উচিত।

আরকে ফিড বৈশিষ্ট্য



আরকে ফিড

বাছাইকৃত ও সেরা কাচামাল স্বয়ংক্রিয় মেশিনে প্রস্তুত দামে সাশ্রয়ী সঠিক এফসিআর সর্বোচ্চ পুষ্টিমানের নিশ্চয়তা



RK FEED

ফিস ফিড
ভাসমান সুপার মাইক্রো ফিড
ভাসমান রেগুলার ফিড
ডুবন্ত ফিড

পোল্ট্রি ফিড
ব্রয়লার | লেয়ার | সোনালী
ক্যাটল ফিড
মোটাতাজা ও ডেইরি



প্রস্তুতকারক

আরকে ফিড এন্ড পোল্ট্রি লি.

কর্পোরেট অফিস:
বাড়ী#৭, ফ্ল্যাট#বি, রোড# ২/সি, ব্লক#জে
বারিধারা, ঢাকা। ফোন: ০২-৮৮৯৯৮২২
ফ্যাক্টরী : মকিমপুর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।



01311 123547

rkfeed2021@gmail.com



যত
পুষ্টি
তত
লাভ

আরকে ফিড ব্রয়লার



RK BROILER FEED



www.rkfeed.net